

আর পি সাহার ১২৫তম জন্ম জয়ন্তী ও কুমুদিনীর  
৯০তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে সুধী সমাবেশ

Celebration of 125<sup>th</sup> Birthday of R P Shaha and the  
90<sup>th</sup> Foundation Day of Kumudini Welfare Trust



125<sup>th</sup> Birth Anniversary of Philanthropist Ranada Prasad Shaha and 90<sup>th</sup> Foundation Day of Kumudini Welfare Trust.

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা শহীদ দানবীর রণদা প্রসাদ সাহার ১২৫তম জন্মদিন মির্জাপুর ও নারায়ণগঞ্জে কয়েক দফায় উদ্‌যাপিত হয়েছে। একই সঙ্গে পালিত হয়েছে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ৯০তম প্রতিষ্ঠাবার্ষিকী।

জন্মজয়ন্তী ও ৯০তম প্রতিষ্ঠা বার্ষিকীর প্রথম অনুষ্ঠানটি পালিত হয় ১৫ নভেম্বর, দ্বিতীয় অনুষ্ঠানটি ১৯ নভেম্বর এবং তৃতীয় অনুষ্ঠানটি ২৫ নভেম্বর।

প্রথম দিনের অনুষ্ঠানের সূচনা হয় মির্জাপুর গ্রামে লৌহজং নদীর পাড়ে অবস্থিত রণদা প্রসাদ সাহার পৈতৃক বাড়িতে। এই অনুষ্ঠানের কর্মসূচির মধ্যে ছিল বাড়ির মন্দির প্রাঙ্গণে তাঁর প্রিয় একগুচ্ছ সঙ্গীত পরিবেশন। পরিবেশন করে মির্জাপুরে অবস্থিত কুমুদিনীর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীবৃন্দ। আয়োজন করা হয় প্রার্থনা সভার।

দুপুর নাগাদ কুমুদিনী হাসপাতালে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ ও নার্সিং কলেজের শিক্ষার্থী ও শিক্ষকগণ আয়োজন করেন স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির। হাসপাতালের রোগীদের পরিবেশন করা হয় বিশেষ খাবার।

Numerous programmes were held both in Narayanganj and Mirzapur to mark the 125<sup>th</sup> Birthday of the Trust's Founder, the martyred philanthropist Ranada Prasad Shaha. At the same time, several programmes were also held to celebrate Kumudini Welfare Trust's 90<sup>th</sup> Anniversary (on the 15<sup>th</sup>, 19<sup>th</sup> and 25<sup>th</sup> of November 2021).

The first programme took place in Mr Shaha's ancestral home in the village of Mirzapur. The day began with the students of the various institutions of the Trust singing a number of Mr Shaha's favourite hymns, followed by a prayer meeting.

In the afternoon, a blood donation programme was organized by the students and teachers of Kumudini Women's Medical College and Kumudini Nursing College.

In the evening of the same day, another programme was





**Philanthropist**  
**RANADA PRASAD SHAHA**  
*125<sup>th</sup> Birth Anniversary &  
 90<sup>th</sup> Foundation Day Celebration*

**Rai Bahadur Ranada Prasad Shaha**, the founder of Kumudini Welfare Trust (KWT), was born here in this remote village of Mirzapur, just across the river Lauhojag in 1896. His legacy centers around this village where his forefathers had lived for generations and his successors are continuing.

While growing up as a child, Mr. Shaha experienced poverty, illiteracy and superstitions along with the harsh living conditions that the villagers endured. The fate of the girls and women to which they were subjected to in that society, compelled him to think something radically different. His mother's untimely death due to lack of medical care was the main driving force that made him do what he did.

Through relentless hard work, sincerity and being at the right place at the right time helped him accomplish phenomenal success in business. He went on a spending spree with construction of hospital, schools and colleges till his last. Finally, he voluntarily gave away all his worldly belongings for the welfare of the distressed through formation of KWT in July 1947.

Kumudini Complex, where you are now, is the outcome of his dream. Kumudini Hospital, Bharateswari Homes - the residential girls' school, Nursing School & College, Medical College etc. are all dedicated to the welfare of the common people and empowerment of women.

As you visit his ancestral home, you will visualize the humble life he led until his abduction along with his 27 years old son Bhabani Prasad Shaha on 7 May 1971. They did never return. This is the birthplace of his dream where lies the ashes of his mother Kumudini Devi. KWT is continuing in the footsteps of Mr. Shaha, following the principles set by him and the vision of being able to grow to help the poor and needy.





ঐদিন বিকেলে রণদা নাটমন্দিরে মির্জাপুর গ্রামবাসীরা আয়োজন করেন আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাননীয় সাংসদ আরমা দত্ত। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সদস্যা ববিতা বড়ুয়া। সভাপতিত্ব করেন দানবীর রণদা প্রসাদ সাহার পৌত্র রাজীব প্রসাদ সাহা। সভাপতি, প্রধান অতিথি ও বিশেষ অতিথি ছাড়াও শ্রদ্ধা ও কৃতজ্ঞতা



*Cutting of Birthday Cakes.*

জানিয়ে উক্ত আলোচনা সভায় বক্তব্য রাখেন মির্জাপুর গ্রামের বিশিষ্টজনেরা। প্রত্যেকে স্ব স্ব দৃষ্টিকোণ থেকে আর পি সাহার জীবন দর্শন সম্পর্কে আলোচনা করেন। অনুষ্ঠানটির সূচনা হয় ১২৫টি মোমবাতি জ্বালিয়ে ও জন্মদিনের কেক কেটে। সবশেষে মির্জাপুর গ্রামের শিশু-কিশোর শিল্পীদের কণ্ঠে পরিবেশিত হয় সঙ্গীতানুষ্ঠান। ১৯ নভেম্বরের সুধী সমাবেশের মহিতি অনুষ্ঠান উপলক্ষে সমগ্র কুমুদিনী কমপ্লেক্সটি এক বর্ণিল সাজে সাজানো হয়। এই আনন্দ আয়োজনে অংশ নিতে বেলা বাড়ার সাথে সাথে কমপ্লেক্সে দেশি-বিদেশি নিমন্ত্রিত অতিথিগণের আগমন শুরু হয়। অতিথিদের মধ্যে অংশগ্রহণ করেন দুই মাননীয় সাংসদ সিমিন হোসেন ও আরমা দত্ত, এ্যাটর্নি জেনারেল এ এম আমিন উদ্দিন, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা সুলতানা কামাল, ঢাকায় নিযুক্ত মালদ্বীপের হাইকমিশনার শিরুজিমাথ সামির, জাপান দূতাবাসের উপপ্রধান ইয়ামায়া হিরোইয়োকি, কয়েকজন সাবেক সচিব, টাঙ্গাইলের জেলা প্রশাসক মো. আতাউল গণি, মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি মফিদুল হক, ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনাম ও তাঁর স্ত্রী মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম, ব্যারিস্টার রোকনউদ্দীন মাহমুদ, মহিলা পরিষদের কেন্দ্রীয় নেত্রীবন্দ, বেঙ্গল ফাউন্ডেশনের মহাপরিচালক নুভা নাহিদ চৌধুরী,

arranged by the villagers of Mirzapur, where various individuals spoke about the life and times of Mr Shaha. The Chief Guest of this function was the Hon'ble Member of Parliament Ms Aroma Dutta. Also present (as special guest) was Ms Babita Barua, a member of the Buddhist Religious Welfare Trust. The event was chaired by Mr Rajiv Prasad Shaha, grandson

of Mr R P Shaha. The programme started with the lighting of 125 candles and cutting of a birthday cake and ended with a cultural programme organized by the villagers of Mirzapur.

On the 19<sup>th</sup> November 2021, to celebrate the Trust's foundation day, the entire Kumudini Complex (Mirzapur) was decorated. Many guests from home and abroad came to Mirzapur to participate in this joyous occasion. Among the guests were the Hon'ble Members of Parliament Ms Simeen Hossain and Ms Aroma Dutta, Attorney General A M Aminuddin, Former Advisor to the Caretaker Government Ms Sultana Kamal, the Ambassador of Maldives H.E. Shirujimath Samir, the Japanese Deputy Ambassador H.E. Yamaya Hiroyoki, a few former secretaries (in the Bangladesh Government), the District Commissioner of Tangail Mr Ataul Gani, Trustee of the Museum of the War of Liberation Mr Mafidul Haque, Editor of the Daily Star Mr Mahfuz Anam and his wife Mrs Shaheen Anam, Barrister Rokonuddin Mahamud, leaders of the Bangladesh



*Lighting of Candles at Bharateswari Homes in the evening programme to mark the day.*



*Voluntary blood-donation programme organized by Kumudini Hospital and Kumudini Women's Medical College.*



# Panoramic View of the Grand Programme of

Guests from Home and Abroad Participated to grace the





# 90<sup>th</sup> Foundation Day Celebration

Occasion of 19<sup>th</sup> November 2021







*Students of Bharateswari Homes Performing at the grand programme held on 19<sup>th</sup> Nov 2021.*

ফ্যাশন ডিজাইনার বিবি রাসেলসহ শতাধিক বিশিষ্ট ব্যক্তি। অতিথিদের পদচারণায় কুমুদিনী কমপ্লেক্স এক মিলনমেলায় পরিণত হয়। নির্ধারিত কর্মসূচি অনুযায়ী মূল অনুষ্ঠান শুরু হয় বিকাল পাঁচটায় ভারতেশ্বরী হোমসের সবুজ চত্বরে। প্রদর্শিত হয় দানবীর রণদা প্রসাদ সাহা ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ওপর নির্মিত ভিডিও ক্লিপ। ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা প্রদর্শন করে দৃষ্টিনন্দন শারীরিক কসরত। অতিথিদের উদ্দেশ্যে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা। মোমবাতি প্রজ্জ্বালনের মাধ্যমে সমগ্র মানবতার কল্যাণে বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হয়। অতিথিবৃন্দ এই প্রার্থনায় শরিক হন। এই সময় নেপথ্যে ছাত্রীদের কণ্ঠে পরিবেশিত হয় ভক্তীগীতি। সবশেষে পালিত হয় শহীদ রণদা প্রসাদ সাহা ও তাঁর পুত্র শহীদ ভবানী প্রসাদ সাহা স্মরণে এক মিনিটের নীরবতা। কুমুদিনী ট্রাস্টের প্রতিষ্ঠাতার জন্মদিন স্মরণে সর্বশেষ অনুষ্ঠানটি উদ্ঘাপিত হয় গত ২৫ নভেম্বর নারায়ণগঞ্জের শীতলক্ষ্যায় রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডক্টর মনীন্দ্র কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান রাজীব প্রসাদ সাহা, বিশেষ অতিথি বিশ্ববিদ্যালয়ের ড্রেজারার অধ্যাপক ড. রবীন্দ্রনাথ শীল ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা আবু আলম মোহাম্মদ শহীদ খান। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, অধ্যাপকমণ্ডলি ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, শহীদ রণদা প্রসাদ সাহা'র জন্ম ১৫ নভেম্বর ১৮৮৬। মুক্তিযুদ্ধ চলাকালে ১৯৭১ সালের ৭ মে তাঁকে ও পুত্র ভবানী প্রসাদ সাহাকে নারায়ণগঞ্জের বাসা থেকে দেশীয় স্বাধীনতা বিরোধী অপশক্তির সহযোগিতায় পাকিস্তানি সেনাবাহিনী অপহরণ করে হত্যা করে। ●



*Mr Rajiv Prasad Shaha, Chairman, Board of Trustees, RPSU speaking in the Anniversary Programme arranged in the University Premises.*

Mohila Parishad, the Director of Bengal Foundation Ms Luva Nahid Chowdhury and the Fashion Designer Ms Bibi Russell. The festivities started on the grounds of Bharateswari Homes, with the viewing of short films on Mr R P Shaha and Kumudini Welfare Trust. This was followed by a colourful calisthenics display by the students of B. Homes. The Managing Director of the Trust Mr Rajiv Prasad Shaha then addressed the august gathering. Finally, a candle lighting ceremony which lit up the entire school complex was followed by a minute's silence and marked the end of the programme.

The last programme was held in the grounds of Ranada Prasad Shaha University in Sitalakshya, Narayanganj, on November 25, 2021. The event was chaired by the Vice Chancellor of University Professor Dr Manindra Kumar Roy. The function was also attended by the Chairman of the Board of Trustees Mr Rajiv Prasad Shaha (Chief Guest), Professor Dr Rabindranath Shil, Treasurer (Special Guest) and Mr Abu Alam Md Shahid Khan, Advisor (Special Guest).



*Dignitaries and some performers at RPSU.*

Here, it is worth mentioning that the philanthropist Mr Ranada Prasad Shaha was born on the 15<sup>th</sup> of November, 1896. He and his son Mr Bhabani Prasad Shaha were abducted and murdered by the Pakistani Army and their cohorts, the Razakars on May 7, 1971. ●



## কুমুদিনীতে মহান বিজয়ের সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন ও মুজিববর্ষের শপথ গ্রহণ



*Students studying in Kumudini Complex rendering patriotic songs on the Victory Day.*

ঐতিহাসিক ১৬ই ডিসেম্বর আমাদের মহান বিজয় দিবস। দেশব্যাপী পালিত হয়েছে বিজয়ের সুবর্ণজয়ন্তী। সারা দেশে উদ্‌যাপিত হচ্ছে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী। এই উপলক্ষে সোনার বাংলা গড়ার দৃঢ় প্রত্যয়ে মহান বিজয় দিবসের এই দিনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমগ্র দেশবাসীকে শপথ পাঠ করেন।

ভারতেশ্বরী হোমসের শিক্ষার্থী ও শিক্ষকমণ্ডলীসহ কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট পরিবারের প্রতিটি সদস্য প্রধানমন্ত্রীর পরিচালনায় দেশগড়ার এই শপথে অংশ নেন।

বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের এই বিশেষ দিনটি কুমুদিনী কমপ্লেক্সে সাড়ম্বরে পালিত হয়। সকালে জাতীয় সঙ্গীতের সাথে কুমুদিনী হাসপাতাল, ভারতেশ্বরী হোমস ও কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। বিজয়ের এই দিনে কুমুদিনী হাসপাতালের রোগী, শিক্ষার্থী, নার্সদের পরিবেশন করা হয় উৎসব খাবার।

ভারতেশ্বরী হোমসের পিপিএম হলে আয়োজন করা হয় আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের। হোমসের সিনিয়র শিক্ষিকা হেনা সুলতানার পরিচালনায় উক্ত অনুষ্ঠানে আলোচনায় অংশ নেন ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষা ত্রয়ী বড়ুয়া, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের ভাইস প্রিন্সিপাল প্রফেসর ডা. নিরঞ্জন চন্দ্র বসাক ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি। সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে কুমুদিনী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীগণ।

## রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ে বিজয়ের সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন

গত ২৮ ডিসেম্বর ২০২১ নারায়ণগঞ্জের শীতলক্ষ্যায় বিশ্ববিদ্যালয়ের উন্মুক্ত বিশাল প্রাঙ্গণে উদ্‌যাপিত হয়েছে আমাদের মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী। অনুষ্ঠানে অন্তর্ভুক্ত ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান, খেলাধুলা, পিঠা উৎসব, রচনা-চিত্রাংকন-কুইজ প্রতিযোগিতা। আনন্দঘন এই বর্ণাঢ্য অনুষ্ঠানে অংশ নিয়েছিলেন বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, প্রশাসনের কর্মকর্তাসহ সর্বস্তরের লোকজন।

## Celebration of the 50<sup>th</sup> Victory Day and the Mujib Borsho at KWT



*Audiences*

December 16, is a special day in the history of Bangladesh. It is the day when the Pakistani Army finally surrendered and victory was declared. The nation also celebrated the day as part of the Mujib Borsho celebrations. On the day, the Hon'ble Prime Minister read out an oath to serve the nation in order to ensure the creation of a strong and prosperous Bangladesh.

The day was celebrated with great ceremony and pomp by the Kumudini family. Early in the morning, a flag raising ceremony took place wherein the Flag of Bangladesh was raised to the tune of the national anthem at Kumudini Hospital, Kumudini Nursing College, Kumudini Women's Medical College and Bharateswari Homes. On this joyous occasion, special food was served to the patients of the hospital, as well as the teachers and students of the school, nursing school and medical college.

To mark the day, a meeting (followed by a cultural programme) was held at PPM hall in Bharateswari Homes. Supervised by Ms Hena Sultana (a senior teacher), the function was also attended by Ms Troyee Barua, Principal, B. Homes, Dr P K Roy, Director, Kumudini Hospital, the Vice Principal of KWMC Prof Dr Niranjana Chandra Basak and Ms Protiva Mutsuddy, Director, Kumudini Welfare Trust. The students of the various institutions in the complex participated in the programme.

## Ranada Prasad Shaha University Celebrates the 50<sup>th</sup> Victory Day

On 28<sup>th</sup> December, 2021 the 50<sup>th</sup> Victory Day celebrations were held in the grounds of Ranada Prasad Shaha University (RPSU) in Sitalakshya, Narayanganj. The festivities included a Pitha Festival, a cultural programme and various competitions. All the students, teachers and staff of RPSU, as well as members of the administration and invited guests participated



ছাত্র-ছাত্রীদের উপস্থাপনায় জাতীয় সঙ্গীতের মাধ্যমে সকাল সাড়ে নটায় শুরু হয়ে বিকেল ৫টা নাগাদ ডি-জে শো পরিবেশনা দিয়ে সারাদিনের এই অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ডিপার্টমেন্টের উদ্যোগে মোট ১০টি পিঠা স্টল স্থাপন করা হয়। পিঠা উৎসবের সমন্বয়ক ছিলেন প্রভাষক আসাদুজ্জামান। ●



Placing floral wreaths at the mural of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman at Kumudini Women's Medical College.

## শহীদ বুদ্ধিজীবী দিবসে টিভিতে কুমুদিনীর শহীদ প্রতিষ্ঠাতা ও তাঁর শহীদ পুত্রকে নিয়ে অনুষ্ঠান

গত ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে দেশের সরকারি ও বেসরকারি টেলিভিশন চ্যানেলগুলিতে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে নানা অনুষ্ঠান প্রচারিত হয়।

এই উপলক্ষে কুমুদিনীর প্রাণপুরুষ শহীদ দানবীর রণদা প্রসাদ সাহা ও তাঁর পুত্র শহীদ ভবানী প্রসাদ সাহা স্মরণে সংসদ বাংলাদেশ টেলিভিশন চ্যানেল ‘মহাকালের সূর্য সন্তানেরা’ শিরোনামে সন্ধ্যা সাড়ে ৭টায় একটি অনুষ্ঠান প্রচার করে। এই অনুষ্ঠানে শহীদ রণদা প্রসাদ সাহার পৌত্র ও শহীদ ভবানী প্রসাদ সাহার পুত্র রাজীব প্রসাদ সাহার একটি সাক্ষাৎকার প্রচারিত হয়। এতে তিনি কুমুদিনীর শহীদদের সম্পর্কে স্মৃতিচারণ করেন। উল্লেখ্য, রাজীব প্রসাদ সাহা বর্তমানে এই ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক। একই দিবসে রাত পোনে ১২টায় ৭১ টেলিভিশন চ্যানেলের ‘একাত্তর জার্নাল’ শীর্ষক টক-শো অনুষ্ঠানে শহীদ দানবীর রণদা প্রসাদ সাহার পুত্রবধু ও শহীদ ভবানী প্রসাদ সাহার স্ত্রী শ্রীমতী সাহা পাকিস্তানি বাহিনী কর্তৃক একাত্তরের ৭ মে তাঁদের অপহরণের বর্ণনা দেন। প্রসঙ্গক্রমে তিনি কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট গঠনের উদ্দেশ্য ও প্রেক্ষাপট সম্পর্কে এই অনুষ্ঠানে সংক্ষিপ্ত আলোচনা করেন। উল্লেখ্য, শ্রীমতী সাহা কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক। ●

## বিশ্ব নিউমোনিয়া দিবস উপলক্ষে কুমুদিনী হাসপাতালে সচেতনতামূলক কার্যক্রম

গত ১২ নভেম্বর ছিল ‘বিশ্ব নিউমোনিয়া দিবস’। নিউমোনিয়া রোগের বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি করতে প্রতি বছর বিভিন্ন কর্মসূচির মাধ্যমে সারা বিশ্বে দিবসটি পালিত হয়।

বাংলাদেশে চাইল্ড হেলথ রিসার্চ ফাউন্ডেশন (সিএইচআরএফ) শিশু স্বাস্থ্য উন্নয়নে কাজ করে এমন কিছু সংস্থার সাথে প্রতি বছরের ন্যায় এ বছরও বিভিন্ন কর্মসূচির মাধ্যমে দিবসটি উদ্‌যাপন করে। এই উপলক্ষে সিএইচআরএফ গত ১৩ ও ১৪ নভেম্বর দুই দিনব্যাপী নানা কর্মসূচির মাধ্যমে নিউমোনিয়া রোগ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি করতে উদ্যোগী হয়। করোনার এই অতিমারীর সময় দেশের সামগ্রিক পরিস্থিতি বিবেচনা করে সীমিত পরিসরে স্বাস্থ্যবিধি মেনে নিউমোনিয়ার বিরুদ্ধে সচেতনতা তৈরি করাই ছিল এবারের লক্ষ্য।

গত ১৩ নভেম্বর কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ হাসপাতালে এ কার্যক্রম উদ্বোধন করেন ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষা ত্রয়ী বড়ুয়া এবং সিএইচআরএফ এর পরিচালক বিশিষ্ট বিজ্ঞানী ডক্টর সৈজুতি সাহা। কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়সহ অন্যান্য কর্মকর্তাগণ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ●

in this colourful programme. The programme was inaugurated by Prof Dr Manindra Kumar Roy, Vice Chancellor of RPSU.

Festivities started at 9 a.m. with the raising of the national flag to the tune of the National Anthem and ended with a DJ show in the evening. Ten “Pitha” stalls were put up by students of various departments of RPSU. ●



Students selling assorted home-made cakes at one of their stalls at RPSU.

## TV Programmes on Ranada Prasad Shaha and his son Bhabani Prasad Shaha on the occasion of the Intellectual Martyrs' Day

On 14<sup>th</sup> December, programmes were broadcast on various television channels to mark the occasion of the Intellectual Martyrs' Day. On this occasion, the “Songsod TV” Channel broadcast a programme (on 14<sup>th</sup> December at 7 pm) on Shaheed Ranada Prasad Shaha and his son Shaheed Bhabani Prasad Shaha. In this programme, Chairman and Managing Director of the Trust Mr Rajiv Prasad Shaha (also the grandson of Shaheed R P Shaha) gave an interview, where he reminisced about the martyrs of Kumudini. On the same day, at 11:45 pm, Ekattor TV broadcast a programme titled “Journal 1971”. Here Mrs Srimati Shaha, Director of the Trust and wife of the late Shaheed Bhabani Prasad Shaha was interviewed. She spoke of the events leading to the abduction of Mr Shaha and his son. In this live programme, she also spoke about Ranada Prasad Shaha's vision for Kumudini Welfare Trust and the history behind its creation. ●



## মালদ্বীপের ভাইস প্রেসিডেন্ট ও কুমুদিনীর এমডি'র মধ্যে স্বাস্থ্য শিক্ষা বিষয়ে আলোচনা

গত ২২ নভেম্বর মালদ্বীপের ভাইস-প্রেসিডেন্ট ফয়সাল নাসীমের নেতৃত্বে একটি প্রতিনিধিদল তিন দিনের সফরে ঢাকা আসেন। তাঁর সফরসঙ্গীদের মধ্যে অন্যতম ছিলেন সে দেশের স্বাস্থ্যমন্ত্রী আহমেদ নাসীম।

গত ২৩ নভেম্বর কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহার নেতৃত্বে একটি প্রতিনিধি দল হোটেল সোনারগায়ে তাঁদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। কুমুদিনীর এই প্রতিনিধিদলের মধ্যে ছিলেন কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. এম এ হালিম ও কুমুদিনী নার্সিং কলেজের ভাইস প্রিন্সিপাল শেফালি সরকার।

প্রতিনিধি দলটির সঙ্গে কুমুদিনীর প্রতিষ্ঠাতার ১২৫তম জন্মবার্ষিকী এবং বাংলাদেশের ৫০তম স্বাধীনতা বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে মালদ্বীপের নির্দিষ্ট সংখ্যক ছাত্রীদের কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ ও নার্সিং কলেজে যথাক্রমে বিডিএস ও এমএসসি নার্সিং কোর্সে ৫০% হারে টিউশন ফি, ভর্তি ফি ও সেশন ফি মওকুফ এর বিষয় নিয়ে মালদ্বীপের সফরকারী দলের সঙ্গে আলোচনা হয়।

সাক্ষাৎকালে কুমুদিনীর ব্যবস্থাপনা পরিচালক মালদ্বীপের ভাইস প্রেসিডেন্টকে কুমুদিনী হ্যান্ডিক্রাফটের তৈরি বাংলাদেশের ঐতিহ্যবাহী একটি নকশী কাঁথা উপহার দেন। ●

## মির্জাপুর কুমুদিনী হাসপাতালে সেন্ট্রাল সাপ্লাই অক্সিজেন সিস্টেম চালু

গত ৯ ডিসেম্বর কুমুদিনী হাসপাতালে আনুষ্ঠানিকভাবে সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই সিস্টেম চালু করা হয়। এর ফলে করোনা রুগীসহ হাসপাতালের অন্যান্য রুগীরা উপকৃত হবে। এই হাসপাতালটি সম্পূর্ণ বিনা খরচে রোগীদের অক্সিজেন সেবা প্রদান করে থাকে। উল্লেখ্য, কুমুদিনী 'শ্বাস' সেবার জন্য অক্সিজেন সরবরাহ করে উপার্জন করে না।

গত ২৪ মার্চ কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট ও জাপান দূতাবাসের মধ্যে স্বাক্ষরিত এক চুক্তির অধীনে জাপান উক্ত অক্সিজেন সাপ্লাই সিস্টেম প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ৭৭,৯৯,৯৪০

(৮৯,৯৯৯ মার্কিন ডলার) টাকা অনুদান প্রদান করে। প্রকল্প বাস্তবায়ন ব্যয়ের অবশিষ্টাংশ কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট বহন করে।

উল্লেখ্য, সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই সিস্টেমটির আনুষ্ঠানিক চালুর সময় ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায় প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রকল্পটি বাস্তবায়নের ফলে কুমুদিনী হাসপাতালে সেন্ট্রাল অক্সিজেন সরবরাহের দীর্ঘদিনের চাহিদা পূরণ হলো। ●

## Vice President of the Maldives discussed Health Education Related Issues with MD of KWT



A 3-members delegation led by MD of KWT Mr Rajiv Prasad Shaha calls on Maldivian Vice-President Mr Faisal Naseem at an hotel in Dhaka and discussed matters regarding admission of students in MBBS and BDS courses in KWMC.

A delegation from the Maldives headed by the Vice President of the country Mr Faisal Naseem visited Bangladesh for 3 days from 22 Nov 2021.

A delegation from Kumudini Welfare Trust led by the Managing Director of the Trust made a courtesy call on the Vice President at Hotel Sonargaon, Dhaka. The Kumudini delegation included the Principal of Kumudini Women's Medical College (KWMC), Prof Dr M A Halim and the Vice Principal of Kumudini Nursing College

(KNC), Mrs Shefali Sarker.

Discussion took place on provision of scholarship to the students willing to study MBBS and BDS courses at KWMC and KNC where the students would be provided a waiver of 50% on tuition fee, enrollment fee and session fee.

The MD of Kumudini presented the Vice President with a "Nakshi Katha" made by Kumudini Handicrafts. ●

## Centralised Oxygen Supply System at Kumudini Hospital, Mirzapur

Kumudini Hospital now has a centralized Oxygen Supply System. This became effective from 9 December 2021 onwards. This system will benefit patients admitted into the hospital, especially those with respiratory problems, including COVID patients. This service is free of cost.

The Centralised Oxygen Supply System is the result of an

agreement signed between Kumudini Welfare Trust and the government of Japan on 24<sup>th</sup> March, 2021, resulting in a grant of USD 89,999/-.

The plant was inaugurated in the presence of Ms Protiva Mutsuddy, Director, Kumudini Welfare Trust of Bengal and Dr P K Roy, Director, Kumudini Hospital among others. ●



Oxygen Plant.



## KIIMS CaRe প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে কুমুদিনীর প্রতিনিধি দলের ভারত সফর

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পাঁচ সদস্যের একটি প্রতিনিধি দল ১৭ অক্টোবর থেকে ২৭ অক্টোবর পর্যন্ত মোট ১১ দিন ভারতের বিভিন্ন রাজ্য সফর করেন। এই সফরের উদ্দেশ্য ট্রাস্টের নতুন প্রকল্প Kumudini International Institute of Medical Sciences and Cancer Research (KIIMS CaRe) বাস্তবায়নের লক্ষ্যে প্রত্যক্ষ জ্ঞান অর্জন করা।

সফরকারী দলের সদস্যরা হলেন কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. এম এ হালিম, স্থপতি রিয়াদ রউফ, কুমুদিনীর গ্রুপ সিএফও মানিক কে সরকার, KIIMS CaRe এর প্রকল্প সমন্বয়কারী ফারহিন খান এবং কুমুদিনী হাসপাতালের ডিজিএম অনিমেস ভৌমিক।



*KIIMS CaRe Project at Narayanganj.*

১১ দিনের এই সফরে কুমুদিনীর সফরকারী দলটি ভারতের পাঁচটি হাসপাতাল প্রাণিৎ অ্যান্ড ডিজাইন ফার্মের তত্ত্বাবধানে তাদের পরিকল্পনা ও নক্সায় নির্মিত দেশটির বিভিন্ন রাজ্যের মোট ১১টি মেডিকেল ইন্সটিটিউট পরিদর্শন করেন। এসব প্রতিষ্ঠানের মধ্যে ছিল কেরালার অমৃতা ইন্সটিটিউট অব মেডিকেল সায়েন্সেস ও Meitra হাসপাতাল, চেন্নাইর শ্রীরামচন্দ্র মেডিকেল সেন্টার ও একই রাজ্যের ভেলুরের খ্রিস্টান মেডিকেল কলেজ হাসপাতাল (CMC), গুজরাটের সর্দার বল্লভভাই প্যাটেল হাসপাতাল ইত্যাদি। পাশাপাশি এসব মেডিকেল ইন্সটিটিউট ও হাসপাতাল পরিচালনাকারী আর্কিটেকচারাল ডিজাইন এন্ড প্রজেক্ট ম্যানেজমেন্ট কনসালটেন্টদের সঙ্গে কাজ করার অভিজ্ঞতা নিয়ে আলোচনা হয়। উক্ত পাঁচটি প্রাণিৎ এন্ড ডিজাইন ফার্মের মধ্য থেকে মোট তিনটিকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানানো হয় এবং KIIMS CaRe প্রকল্পের স্থান পরিদর্শন করে তাদের প্রজেক্ট প্রপোজাল প্রদান করতে অনুরোধ জানানো হয়।

উল্লেখ্য, চলতি বছরের ১৪ ফেব্রুয়ারি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে নারায়ণগঞ্জে কুমুদিনী কমপ্লেক্স আয়োজিত KIIMS CaRe প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। বহুমুখী এই মেডিকেল প্রকল্পটি নারায়ণগঞ্জে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের নিজস্ব জমিতে বাস্তবায়নের কাজ এগিয়ে চলছে। তারই অংশ হিসাবে কুমুদিনীর এই প্রতিনিধি দলটির ভারত সফর। ●

## India Tour by Project Team of KIIMS CaRe

A five-member team from Kumudini Welfare Trust toured hospitals in various states in India from October 17-27, 2021, on a fact-finding mission, connected with the **Kumudini International Institute of Medical Sciences and Cancer Research (KIIMS CaRe)**, in Narayanganj, the foundation of which was laid by the Hon'ble Prime Minister Sheikh Hasina in 14<sup>th</sup> February, 2021 via video link.



*In one phase of their tour in India the 5-members delegation from KIIMS CaRe Project met the key persons of Meitra Hospital in Kerala and discussed different issues in connection with Project.*

The team members were Prof Dr M A Halim, Principal, KWMC, Architect Mr Riad Rouf, Mr Manik K Sarker, Group CFO, Kumudini Welfare Trust, Ms Farheen Khan, Project Coordinator, KIIMS CaRe and Mr Animesh Bhowmick, DGM, Operations, Kumudini Hospital. Five Hospitals Planning & Design Firms from India arranged for visiting of 11 different hospitals. The hospitals included Amrita Institute of Medical Sciences Centre, Kerala; Meitra Hospital, Kerala; Shri Ram Chandra Medical Centre, Chennai; Christian Medical College, Vellore, Chennai; Sardar Vallabhbhai Patel Hospital, Gujrat; etc. Out of the five planning & design firms three were invited to visit KIIMS CaRe Project site in Bangladesh. ●



## SEIP ও KWT এর মধ্যে চুক্তি সম্পাদন কুমুদিনীতে বিনা খরচে স্পেশালাইজড নার্সিং ও কেয়ারগিভিং কোর্সে প্রশিক্ষণের ব্যবস্থা

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যবস্থাবিন ক্ষিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP) এবং কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অব বেঙ্গল (বিডি) লি: (KWT) এর মধ্যে গত ২৮ অক্টোবর স্পেশালাইজড নার্সিং ও কেয়ারগিভিং কোর্স বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণ অনুদান সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষরিত হয়।

ইস্কাটন গার্ডেনস্থ SEIP প্রকল্পের সম্মেলন কক্ষে সম্পাদিত এই চুক্তিতে স্বাক্ষর করেন প্রকল্পের নির্বাহী প্রকল্প পরিচালক মো: জাহিদুল হক ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা।

স্বাস্থ্যসেবা খাতের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে স্বাক্ষরিত উক্ত চুক্তির আওতায় কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট-এর মাধ্যমে ২০২২ শিক্ষাবর্ষে স্পেশালাইজড নার্সিং-এর ছয়টি কোর্সে মোট ১৭০ জন এবং কেয়ারগিভিং-এর একটি কোর্সে মোট ১৬০ জনসহ সর্বমোট ৩৩০ জনের প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা হবে। স্পেশালাইজড নার্সিং-এর ৬টি কোর্স হলো যথাক্রমে ডিপ্লোমা ইন পেডিয়েট্রিক নার্সিং, ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার নার্সিং, ডিপ্লোমা ইন ট্রমা নার্সিং, ডিপ্লোমা ইন রেনাল নার্সিং, ডিপ্লোমা ইন অনকোলজি নার্সিং এবং ডিপ্লোমা ইন কার্ডিয়াক নার্সিং। ‘কেয়ারগিভিং’ কোর্সটি হল ন্যাশনাল ক্ষিলস সার্টিফিকেট ইন কেয়ারগিভিং। প্রশিক্ষণার্থীগণ সম্পূর্ণ সরকারি ব্যয়ে উক্ত কোর্সসমূহে প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন। এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) হতে গৃহীত ঋণ সহায়তা হতে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টকে উক্ত কোর্সসমূহ পরিচালনার জন্য SEIP কর্তৃক আর্থিক অনুদান প্রদান করা হবে।

স্পেশালাইজড নার্সিং কোর্সে ভর্তিচ্ছ প্রশিক্ষণার্থীদের নার্সিংয়ে বিএসসি কিংবা ডিপ্লোমা পাশ হতে হবে এবং বাংলাদেশ নার্সিং অ্যান্ড মিডওয়াইফরি কাউন্সিল (BNMC)-এ রেজিস্ট্রিভুক্ত নার্স হতে হবে। তাদের বয়ঃসীমা হবে ১৮-৪০ বছরের মধ্যে এবং কেয়ারগিভিং কোর্সের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীদের শিক্ষাগত যোগ্যতা এসএসসি এবং বয়ঃসীমা হবে ১৮-৪৫ বছর। উল্লেখ্য, এ সম্পর্কে গণমাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশ করে ইতোমধ্যে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়েছে।

প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে মহিলা, শারীরিকভাবে অক্ষম, দরিদ্র, আদিবাসী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের কোর্সসমূহে প্রশিক্ষণ গ্রহণে অগ্রাধিকার প্রদান করা হবে।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে SEIP-এর নির্বাহী প্রকল্প পরিচালক মো: জাহিদুল হক ছাড়াও প্রকল্পের অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপ-নির্বাহী প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) মোহাম্মদ ইয়াসিন, উপ-নির্বাহী প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) ড. মো. সানোয়ার জাহান ভূঁইয়া, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বেগম রেহানা পারভীন, SEIP প্রকল্পের সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক সায়েদা আফরোজ (যুগ্ম সচিব), পরামর্শকগণ এবং প্রকল্প কর্মকর্তাগণ।

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট-এর পক্ষ থেকে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা ছাড়াও উপস্থিত ছিলেন গ্রুপ সিএফও মানিক কুমার সরকার, ফিন্যান্স কন্ট্রোলার স্বপন মজুমদার, কুমুদিনী নার্সিং কলেজের প্রিন্সিপাল সিস্টার রীনা ম্যাগডালিন ক্রুজ ও ভাইস প্রিন্সিপাল শেফালি রাণী সরকার এবং কুমুদিনীর ম্যানেজমেন্ট এক্সিকিউটিভ ইমন বড়ুয়া। ●

## Agreement Signed Between SEIP and KWT for Conduct of Specialized Nursing and Caregiving Programmes

Starting as a joint programme between the Economic Division of the Finance Ministry of the Government of Bangladesh and Asian Development Bank (ADB), the SEIP (Skills for Employment Investment Programme) is a project targeted at providing skills to young professional and students which will enhance their employability. An agreement was signed between SEIP and Kumudini Welfare Trust (KWT) on 28 October, 2021 at the Eskaton Garden Office of SEIP. Under the agreement (targeted at improving and enhancing skills in the healthcare sector) SEIP agreed to provide funding for 6 specialized Nursing programmes which will provide a 1-year training to 170 nurses and caregiver training to a further 160 candidates. The 6 specialized Nursing programmes are:

1. Diploma in Pediatric Nursing
2. Diploma in Critical Care Nursing
3. Diploma in Trauma Nursing
4. Diploma in Renal Nursing
5. Diploma in Oncology Nursing
6. Diploma in Cardiac Nursing

The cost of training will be borne entirely by the Government of Bangladesh (GOB). The funding will be provided by ADB as a loan to GOB. Candidates for the specialized Nursing courses must be BSc in nursing or diploma-in-nursing holders, registered with Bangladesh Nursing and Midwifery Council (BNMC) and within the ages of 18-45. Candidates who have disabilities, are from disadvantaged groups, tribes, or communities and are women will get preferences. In the agreement signing ceremony, SEIP was represented by the Executive Director Mr Md Zahidul Haque (Additional Secretary, GOB) as well as other officials of the project office including Deputy Executive Project Directors Muhammad Yasin (Additional Secretary) and Dr Md Sanowar Jahan Bhuiyan, (Joint Secretary), Additional Secretary (Department of Public Administration) Begum Rehana Parveen, Assistant Executive Project Director Mrs Sayeda Afroz (Joint Secretary) and others. Kumudini Welfare Trust was represented by Mr Rajiv Prasad Shaha, Chairman and Managing Director, Mr Manik Kumer Sarker, Group CFO, Finance Controller Mr Swapan Majumdar, the Principal of Kumudini Nursing College Sister Reena Magdalene Cruz, Vice Principal Mrs Shefali Rani Sarker and Management Executive Mr Emon Barua. ●



Specialised Nursing and Caregiving Programmes at Kumudini : Agreement signed between SEIP and KWT.

## কুমুদিনী হাসপাতালের জন্য ভারতের লাইফ সাপোর্ট অ্যাম্বুলেন্স উপহার

গত ১৪ অক্টোবর মির্জাপুরে ভারত সরকার ও সেন্সেদে জগগণের পক্ষ থেকে কুমুদিনী হাসপাতালকে আনুষ্ঠানিকভাবে একটি লাইফ সাপোর্ট অ্যাম্বুলেন্স ও প্রয়োজনীয় চিকিৎসা সামগ্রী উপহার দেওয়া হয়।

ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার বিক্রম কুমার দোরাইস্বামী মির্জাপুরে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা ও কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়ের কাছে উক্ত উপহার সামগ্রী হস্তান্তর করেন।

ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী কর্তৃক ২০২১ সালের মার্চ মাসে তাঁর বাংলাদেশ সফরকালে ঘোষণাকৃত বাংলাদেশকে ১০৯টি লাইফ সাপোর্ট অ্যাম্বুলেন্স সরবরাহের সামগ্রিক কর্মসূচির অংশ হিসাবে অ্যাম্বুলেন্সটি প্রদান করা হয়েছে। এসএমএল ব্র্যান্ডের আধুনিক ও জরুরী জীবন রক্ষাকারী যন্ত্রপাতি দ্বারা সজ্জিত সম্পূর্ণ নতুন অ্যাম্বুলেন্সটি হাসপাতালগামী রোগীদের মানসম্মত জরুরীসেবা এবং ট্রমা লাইফ সাপোর্ট প্রদান করতে সাহায্য করবে। অ্যাম্বুলেন্সটি ছাড়াও উপহার দেয়া অত্যাবশ্যকীয় চিকিৎসাসামগ্রীর মধ্যে ছিল অক্সিজেন সিলিন্ডার, শ্বাস-প্রশ্বাস সহায়ক সরঞ্জাম ও ওষুধপ্রাঙ্গণ। ●



Life support ambulance : A donation from India to Kumudini Welfare Trust.

## Indian High Commission in Bangladesh Donates Life Support Ambulance to Kumudini Hospital

On October 14, 2021 at Kumudini Complex in Mirzapur, a life support ambulance was donated by the Government and people of India to Kumudini Hospital. The High Commissioner of India in Dhaka, H.E. Mr Vikram Doraiswamy handed over the ambulance and related medical supplies to Mr Rajiv Prasad

Shaha, Chairman and Managing Director of Kumudini Welfare Trust and Dr P K Roy, Director Kumudini Hospital. This was part of a commitment made by Indian PM Mr Narendra Modi during his visit to Bangladesh in March 2021. The ambulance is equipped with many different life support and other lifesaving apparatus. ●

## কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের প্রথমবর্ষ বিডিএস ছাত্রীদের নবীনবরণ

গত ১৭ নভেম্বর কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটে ২০২০-২১ সেশনের বিএডএস প্রথম বর্ষের ছাত্রীদের নবীনবরণ অনুষ্ঠান সম্পন্ন হয়েছে কলেজ কনফারেন্স রুমে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা। কলেজ অধ্যক্ষ অধ্যাপক ডা. মো. আবদুল হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়।



Mrs Srimati Shaha, Director, KWT speaking in the orientation programme of BDS students of 2020-2021 session.

সভাপতি, প্রধান অতিথি ও বিশেষ অতিথি ছাড়াও অনুষ্ঠানে আর যারা বক্তব্য রাখেন তারা হলেন কলেজের ভাইস প্রিন্সিপাল অধ্যাপক ডা. নিরঞ্জন চন্দ্র বসাক, ডা. রাজিউল হক, ডা. শামসুন্নাহার জলি, বিডিএস এর একজন নবীন ও একজন পুরাতন ছাত্রী। ●



Outgoing jubilant Intern doctors who passed MBBS in 2020 and 2021 from KWMC.



Celebration of Sports & Cultural Week-2021 at KWMC.

## ভারতেশ্বরী হোমসের স্মরণীয় দিন

### —প্রতিভা মুৎসুদী

#### প্রাক্তন অধ্যক্ষা, ভারতেশ্বরী হোমস

ভারতেশ্বরী হোমস 'স্বাধীনতা পুরস্কার-২০২০' পদকে ভূষিত হয় ২০২০ সনে ২৯শে অক্টোবর রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে এক অনুষ্ঠানের মাধ্যমে। করোনা মহামারীর কারণে ২০২০ সনের মার্চ মাসে প্রদেয় উক্ত স্বাধীনতা পদক সে বছরের ২৯শে অক্টোবর দেশরত্ন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতেশ্বরী হোমসের মাধ্যমে প্রদান করেন। আমার পরম সৌভাগ্য আমি এই পদক গ্রহণ করি। আমার জীবনের পরম সাধনা দেশের এবং দেশের মানুষের সেবা করে যাবো --বিশেষ করে শিক্ষা প্রসারের কাজ করে। দানবীর রণদা প্রসাদ সাহার ছত্রতলে থেকে আমি সাধনা করে গেছি। ১৯৬৩ সনের ৬ই সেপ্টেম্বর আমি ভারতেশ্বরী হোমসে অর্থনীতির প্রভাষক হিসাবে কাজে যোগদান করি। এরপর নানা দৈব দুর্বিপাক পার হয়ে আমি ১৯৬৫ সন থেকে ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষা হিসাবে ১৯৯৮ সন পর্যন্ত কাজ করি। ১৯৮৫ সনে কুমুদিনী ট্রাস্টের অন্যতম পরিচালক মনোনীত হয়ে এ পর্যন্ত কাজ করে চলেছি। ভারতেশ্বরী হোমস তথা কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট আমার জীবনসম। ভারতেশ্বরী হোমস স্বাধীনতা পদকে ভূষিত হওয়াতে আমার জীবন ধন্য হয়েছে। এই পদক পাওয়ার যোগ্যতা অর্জন হয়েছে বহু মানুষের সাধনায়। প্রথমত দানবীর রণদা প্রসাদ সাহার আদর্শ ছিল ছাত্রীদের স্বাবলম্বী ও সর্বকাজে পারদর্শী করে গড়ে তোলা। তাঁর মতে "বাদী হতে বেগম" হতে পারতে হবে প্রতিটি ছাত্রীকে। শারীরিকভাবে ও বুদ্ধিমত্তায় সেরা হতে হবে প্রত্যেক ছাত্রীকে। এ আদর্শ কার্যকর করেন দানবীরের কনিষ্ঠ কন্যা জয়া পতি। ১৯৬৪ সনে তিনি বিলেত যাওয়ার পর আমরা তাঁর পথ অনুসরণ করে ভারতেশ্বরী হোমসকে সর্বদিকে যোগ্য প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে পেরেছি। প্রত্যেক শিক্ষক-শিক্ষিকা, ছাত্রী ও অন্যান্য কর্মচারীর অবদান রয়েছে এ অমূল্য প্রাপ্তিতে। সর্বোপরি বর্তমান ম্যানেজিং ডিরেক্টর দানবীরের একমাত্র পৌত্র রাজীব প্রসাদ সাহার আধুনিকায়ন কর্মসূচি ও তাঁর মা পরিচালক শ্রীমতী সাহার আন্তরিক সেবায় এ প্রতিষ্ঠান বর্তমান পর্যায়ে উন্নীত হয়েছে। এঁরা সকলেই এ জন্য ধন্যবাদার্থ। আমরা সকলের কাছে ঋণী। দেশের সকলের শুভ কামনা আমাদের একান্ত কাম্য। ●



## কুমুদিনীর ঐতিহ্যবাহী দুর্গোৎসব

প্রতি বছরের মতো এবারও প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে শেষ হয়েছে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহার পৈতৃক বাড়িতে পাঁচদিন ব্যাপী ঐতিহ্যবাহী দুর্গোৎসব।

গত ১৫ অক্টোবর সমাপ্ত এই উৎসব শুরু হয় ১১ অক্টোবর। উৎসব শুরুর প্রথম দিন থেকেই বিপুল সংখ্যক দর্শক, ভক্ত ও দেশি-বিদেশি অতিথির সমাগমে কুমুদিনীর পূজা আঙ্গিনা এক মিলনমেলায় পরিণত হয়। বাঙালি হিন্দুদের এই শ্রেষ্ঠ উৎসবে বিদেশি অতিথিবৃন্দ বিশেষ করে বিদেশি দূতাবাসের আধিকারিকদের অংশগ্রহণ ছিল লক্ষ্য করার মতো। বিদেশিদের মধ্যে যারা সফর করেন তাদের মধ্যে ছিলেন বুটেনের হাইকমিশনার রবার্ট চেটারটন ডিকসন ও ডেপুটি হাইকমিশনার জাভেদ প্যাটেল, ভারতের হাইকমিশনার বিক্রম কুমার দোরাইস্বামী, নেপালের রাষ্ট্রদূত ড. বংশীধর মিশ্র, ভুটানের রাষ্ট্রদূত Rinchen Knentsyl প্রমুখ।

উৎসবের প্রতিদিন সন্ধ্যায় পরিবেশিত হয় ভারতেশ্বরী হোমসের ছাত্রীদের পরিবেশিত সঙ্গীত, নৃত্য, আরতি ও গীতি নকশা। এই সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করার জন্য প্রতি সন্ধ্যায় প্রচুর দর্শক সমাবেশ ঘটে। তাছাড়া প্রতিদিন পূজা শেষে দর্শকদের মধ্যে বিতরণ করা হয় প্রসাদ ও দরিদ্রদের মধ্যে বস্ত্র।



*Young artists dancing with the tune of devotional songs in front of the goddess Durga.*

## Durga Puja – A Time Honoured Celebration at Kumudini

Like every year, Kumudini celebrated the coming of the goddess Durga to her earthly abode in the form of Durga Puja – a five-day long celebration. In 2021 the festivities began on 11<sup>th</sup> October. From the very first day, hundreds of guests and devotees thronged to participate in the festivities. This year many guests from the various Embassies / High Commissions came to Mirzapur to enjoy Durga Puja. Among the guests were H.E. Mr Robert Chatterton Dickson, High

Commissioner of Great Britain, H.E. Mr Vikram Kumar Doraiswamy, High Commissioner of India, H. E. Dr Banshidhar Mishra, Ambassador of Nepal and H.E. Mr Rinchen Knentsyl, Ambassador of Bhutan and others.



*Guests from different High Commissions and Embassies who paid visits to participate in the festivals.*



## বড়দিন উদ্‌যাপিত

কুমুদিনী কমপ্লেক্সে বসবাসকারী খ্রিস্ট ধর্মাবলম্বীগণ ধর্মীয় আচার মেনে গত ২৫ ডিসেম্বর ভাগগভীর পরিবেশে প্রভু যিশুর জন্মদিন খ্রিসমাস বা বড়দিন উদ্‌যাপন করেছেন। এ উপলক্ষে মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সের নার্সিং হোস্টেলের গির্জায় বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হয়। এই উপলক্ষে কমপ্লেক্সের আনন্দ নিকেতনে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে কুমুদিনী নার্সিং কলেজের অধ্যক্ষা সিস্টার রীনা ম্যাগডালিন ক্রুশ উপস্থিত সবাইকে বড়দিনের শুভেচ্ছা জানান। বক্তব্য রাখেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি ও কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়। নার্সিং কলেজের ছাত্রীদের উপস্থাপনায় পরিবেশিত হয় ভক্তিমূলক গান, নাচ ও যিশুর জন্মদৃশ্য। ●



*Celebration of Merry Christmas.*

## Happy Christmas

Along with the Christian community all over the world the followers of christianity in Kumudini Complex celebrated Happy Christmas on 25 December with joy and happiness. On this occasion special prayer meeting was held in the church of Kumudini Nursing Hostel and a programme was arranged in the Ananda Niketon auditorium in the Complex. Principal of

Kumudini Nursing School & College Sister Rina Magdalene Cruz conveyed her good wishes to all. Ms Protiva Mutsuddy, Director KWT and Dr P K Roy, Director Kumudini Hospital spoke. Nursing students sang hymn and performed dances and drama relating to Christmas. ●

## শোক সংবাদ

### বীর মুক্তিযোদ্ধা সাংসদ মো. একাব্বর হোসেনের প্রয়াণ ॥ কুমুদিনীর শ্রদ্ধা নিবেদন

টাঙ্গাইল-৭ আসনের মাননীয় সংসদ সদস্য মির্জাপুরের সন্তান বীর মুক্তিযোদ্ধা মো. একাব্বর হোসেন গত ১৬ নভেম্বর ঢাকায় সিএমএইচ হাসপাতালে চিকিৎসাধীনকালে মৃত্যুবরণ করেন। তিনি চারবার বাংলাদেশ জাতীয় সংসদের সদস্য ছিলেন। তাঁর মৃত্যুতে মির্জাপুরবাসী গভীরভাবে শোকাহত।

মরহুম মো. একাব্বর হোসেনকে ১৭ নভেম্বর বাদ আসর মির্জাপুরের পোস্টকামারী গ্রামে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়। তিনি ছিলেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সভাপতি। এর আগে বাদ জোহর মির্জাপুর শেখ রাসেল মিনি স্টেডিয়ামে তাঁর মরদেহ আনা হলে সর্বস্তরের মানুষ ফুল দিয়ে শ্রদ্ধা জানান। এই সময় কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়।

আমরা তাঁর বিদেহী আত্মার চির শান্তি কামনা করছি এবং শোকাহত আত্মজনের এই শোক সহ্য করার শক্তি প্রার্থনা করছি।



*Md Akabbar Hossain.*

### জাতীয় অধ্যাপক ড. রফিকুল ইসলামের প্রয়াণ

একুশে পদকপ্রাপ্ত ও দানবীর রণদা প্রসাদ সাহা স্বর্ণপদক প্রাপ্ত বিশিষ্ট নজরুল গবেষক জাতীয় অধ্যাপক ডক্টর রফিকুল ইসলাম গত ৩০ নভেম্বর মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে বয়স হয়েছিল ৮৭ বছর।

২০১৮ সালে বাংলাদেশ সরকার তাঁকে জাতীয় অধ্যাপক ঘোষণা করে। পরের বছর ১৪ মার্চ মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সের ভারতেশ্বরী হোমসের মাঠে আয়োজিত এক মহতী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বয়ং তাঁকে দানবীর রণদা প্রসাদ সাহা স্বর্ণপদকটি প্রদান করেন।

উল্লেখ্য, অধ্যাপক রফিকুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রধানমন্ত্রীর শিক্ষক ছিলেন।

কুমুদিনী পরিবার জাতীয় অধ্যাপক ডক্টর রফিকুল ইসলামের প্রয়াণে গভীর শোক প্রকাশ করছে এবং আত্মার চিরশান্তি কামনা করছে।

### Kumudini Pays Tribute to Valiant Freedom Fighter and Member of Parliament Md Akabbar Hossain

Hon'ble Member of Parliament and valiant freedom fighter Mr Md Akabbar Hossain representing Tangail-7 constituency passed away on 16 November while undergoing treatment at CMH, Dhaka. He was elected MP for 4 times. At his death the residents of Mirzapur were deeply shocked.

He was buried on 17 November after Asar prayer in his family graveyard at village Postkamari. He was the Convenor of the Parliamentary Standing Committee on Roads & Highways. People from all walks of life placed floral wreaths on his coffin when it was brought at Sheikh Russel mini stadium. A floral wreath was also placed on behalf of Kumudini Welfare Trust. We pray for the salvation of the departed soul.



*Prof Dr Rafiqul Islam.*

### National Professor Dr Rafiqul Islam Passes Away

National Professor and recipient of Ekushey Padak and the Ranada Prasad Shaha Memorial Gold Medal, Prof Dr Rafiqul Islam passed away on November 30, 2021 at the age of 87.

The Kumudini family mourns this great loss. Dr Islam will be remembered for his research on the life and works of our national poet Kazi Nazrul Islam.

Dr Islam also taught the Hon'ble Prime Minister of the People's Republic of Bangladesh, Sheikh Hasina while she was a student of Dhaka University.

We pray for the salvation of the departed soul.





Prof Dr Shamim Adam.



Condolence Meeting at KWMC

## অধ্যাপক ডা. মো. শামীম আদম এর প্রয়াণে শোকসভা

কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অর্থোপেডিক্স বিভাগের অধ্যাপক ডা. মো. শামীম আদমের মৃত্যুতে কলেজের বিপি পতি হলে ১লা জানুয়ারি এক শোকসভার আয়োজন করা হয়। কলেজ অধ্যক্ষ অধ্যাপক ডা. এম এ হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় প্রধান অতিথি ছিলেন কলেজের চেয়ারম্যান রাজীব প্রসাদ সাহা। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ ও হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক ডা. নিরঞ্জন চন্দ্র বসাক ও মেডিসিন বিভাগের প্রধান অধ্যাপক ডা. মো. জাহাঙ্গীর কবির। তাঁরা প্রত্যেকে শোকসভায় বক্তব্য রাখেন।

উল্লেখ্য, গত ২৮ ডিসেম্বর ২০২১ ঢাকায় নিজ বাসায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে তিনি মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল সত্তরোত্তর। তিনি কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজে ২০০৫ সালে অর্থোপেডিক্স বিভাগে যোগদান করেন। মৃত্যুর পূর্বদিন পর্যন্ত তিনি এই কলেজে কর্মরত ছিলেন।

তাঁর মৃত্যুতে কলেজের চেয়ারম্যান ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা মিসেস শামীম আদম এর নিকট গভীর সমবেদনা ও তাঁর স্বামীর বিদেহী আত্মার কল্যাণ কামনা করে শোকবার্তা প্রেরণ করেন। ●

## Condolence Meeting on Passing Away of Prof Dr Shamim Adam

A condolence meeting was arranged at the BP Hall of Kumudini Women's Medical College (KWMC) on 1 Jan 2022 to mourn the passing away of Prof Dr Shamim Adam. The meeting was presided over by the Principal of KWMC where the Chairman of the College Mr Rajiv Prasad Shaha was the chief guest. Special guests included Director of Kumudini Hospital Dr P K Roy, Vice Principal of KWMC Dr Niranjana Chandra Basak and the Head of the Medicine Dept Prof Dr Jahangir Kabir. All the guests spoke on the occasion.

Prof Dr Shamim Adam passed away at his home due to a heart attack on 28 Dec 2021. He joined the Orthopedic Dept of KWMC in 2005 and served till his death. He was a selfless and dedicated physician. He rendered invaluable service even during the Corona period. MD KWT conveyed his condolences to the wife of Prof Dr Shamim Adam and prayed for the salvation of his departed soul. ●

## কুমুদিনী ফার্মার নতুন ওষুধ জিমোক্ল্যাব

কুমুদিনী ফার্মা লি: (কেপিএল) ডিসেম্বর '২১ পর্যন্ত সর্বশেষ যে ওষুধটি বাজারজাত করেছে সেটি হলো জিমোক্ল্যাব। ২৫০ মি. গ্রা. ও ৫০০ মি. গ্রা. এর এই ট্যাবলেটটি উপযুক্ত চিকিৎসকের পরামর্শে বিভিন্ন সংক্রমণজনিত রোগ নিরাময়ে ব্যবহৃত হয়। যেমন ওষুধটি ফ্যারিংজাইটিস (Pharyngitis), ত্বকের সংক্রমণ, ব্রংকাইটিসজনিত সংক্রমণ, মূত্রতন্ত্রের সংক্রমণ, মেনিংজাইটিস প্রভৃতি রোগের জন্য নির্দেশিত।

উল্লেখ্য, ডিসেম্বর '২১ পর্যন্ত কেপিএল এর উৎপাদিত ওষুধের সংখ্যা ১২৩। ●



Ximoclave.

## KPL's New Drug Ximoclav

Kumudini Pharma Ltd (KPL) has recently launched a new drug called Ximoclav. This is a tablet in the form of 250 mg and 500 mg. The drug is indicated for the treatment of Pharyngitis, Chronic Bronchitis, Meningitis, Urinary Tract Infections, Skin infections etc. ●

## কুমুদিনী হাসপাতাল চিকিৎসা পরিসংখ্যান সেপ্টেম্বর-ডিসেম্বর : ২০২১

### টিকাদান কর্মসূচি

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
পোলিও	৪১১	৪১৪	৪৯৬	৬৭২
টিটি	২০৮	২২১	২১৮	২৮২
বিসিজি	১৮২	২২০	১৭৮	১৯২
রুবেলা	২৬৩	২৮৯	২৩৬	২২৮
প্যান্টাভ্যালেন্ট	৩৮৫	৩৮৯	৪৬৪	৬৪৩
পিসিডি	৩৮৫	৩৮৯	৪৬৪	৬৪৩
এফ, আই, পি, ডি	২৪৯	২৪৪	৩০৩	৪১৫

### হাসপাতালে ভর্তিকৃত রোগী

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
ভর্তি	৩৯৯৭	৪০৩৭	৩৩৯৭	৩১৭৩

### বহির্বিভাগে মোট রোগী

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
	৩৮৮৬৩	৩৬৬৯২	৩০৮৪২	২৮০৫১

### হাসপাতালে মৃত্যু

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
	১০৮	১২৪	১২২	১০৫

### অস্ত্রোপচার পরিসংখ্যান, সার্জারি

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
মেজর	১০৯	১০৪	১০৪	৯০
সেমি মেজর	৩১	৪১	২৪	২৪
মাইনর	৩৬৮	৩৫১	৩৭৮	৩৭৮

### অর্থোপেডিক্স

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
মেজর	৪৫	৪৩	৬০	৫১
সেমি মেজর	৩৮	২৩	৩৬	৩২
মাইনর	৫৮৮	৫৮৬	৬০৫	৫১০

### নাক, কান, গলা

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
মেজর	৬৫	৪৬	৬০	৪০
মাইনর	৮৪	৭৭	৫৫	৫৮

### গাইনি

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
মেজর	৪৮	৫৭	৫৬	৪১
সেমি মেজর	৪৭	৫৪	৩৭	৩৮
মাইনর	৮	২	২	৪

### অবস্কেট্রিক্স

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
মেজর	২০৬	২৮৭	২৯৮	২৮৭
স্বাভাবিক	১৬২	১৬৯	১৫৯	১০৩

### চক্ষু অপারেশন

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
সর্বমোট	৩৮৬	৩৩৩	২৯৪	২৪১

### দন্ত

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
অপারেশন	৭১	৭১	৬০	৫০
মেজর	২৪৮	১৬৭	১৮২	১৫২

### মাইনর অপারেশন

	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
বহির্বিভাগ	৭৫২	৭৭১	৬৬৬	৬২৩

### চক্ষু শিবির

ঠিকানা	মাস/তারিখ	পুরুষ	মহিলা	মোট
বিদ্যানন্দ, ময়মনসিংহ	৭/৯/২০২১	১০২	১৩৯	২৪১
পঁচিশমাইল, মধুপুর	১৫/৯/২০২১	১০৯	১৮৪	২৯৩
বিদ্যানন্দ, ময়মনসিংহ	৭/১০/২০২১	৮৪	১১৩	১৯৭
পঁচিশমাইল, মধুপুর	১৬/১০/২০২১	৪৯	৯৪	১৪৩
বিদ্যানন্দ, ময়মনসিংহ	৭/১১/২০২১	৯২	৮৯	১৮১
পঁচিশমাইল, মধুপুর	১৫/১১/২০২১	৮১	১০০	১৮১
বিদ্যানন্দ, ময়মনসিংহ	৭/১২/২০২১	৭৪	৫৭	১৩১
পঁচিশমাইল, মধুপুর	১৫/১২/২০২১	৪৬	৭২	১১৮

## Kumudini Hospital Treatment Statistics September-December : 2021

### Vaccination Programme

	September	October	November	December
Polio	411	414	496	672
TT	208	221	218	282
BCG	182	220	178	192
Robela	263	389	236	228
Pantavalent	385	389	464	643
PCV	385	389	464	643
FIPV	249	244	303	415

### Patient Admitted in Hospital

	September	October	November	December
Admission	3997	4037	3397	3173

### Out Patient

	September	October	November	December
	38863	36692	30842	28051

### Patient Death in Hospital

	September	October	November	December
	108	124	122	105

### Surgery Operation

	September	October	November	December
Major	109	104	104	90
Semi Major	31	41	24	24
Minor	368	351	378	378

### Orthopaedics

	September	October	November	December
Major	45	43	60	51
Semi Major	38	23	36	32
Minor	588	586	605	510

### ENT

	September	October	November	December
Major	65	46	60	40
Minor	84	77	55	58

### Gynaec

	September	October	November	December
Major	48	57	56	41
Semi Major	47	54	37	38
Minor	8	2	2	4

### Obstetrics

	September	October	November	December
Major	206	287	298	287
Normal	162	169	159	103

### Eye Operation

	September	October	November	December
Total	386	333	294	241

### Dental Operation

	September	October	November	December
Major	71	71	60	50
Minor	248	167	182	152

### Minor Operation

	September	October	November	December
Out Patient	752	771	666	623

### Eye Camp

Address	Month/Date	Male	Female	Total
Biddananda, Mymensingh	7/9/2021	102	139	241
Pachishmile, Modhupur	15/9/2021	109	184	293
Biddananda, Mymensingh	7/10/2021	84	113	197
Pachishmile, Modhupur	16/10/2021	49	94	143
Biddananda, Mymensingh	7/11/2021	92	89	181
Pachishmile, Modhupur	15/11/2021	81	100	181
Biddananda, Mymensingh	7/12/2021	74	57	131
Pachishmile, Modhupur	15/12/2021	46	72	118